

“থাকব ভালো, রাখব ভালো দেশ  
বৈধ পথে প্রবাসী আয়-গড়ব বাংলাদেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
৮৯/২, কাকরাইল, ঢাকা।  
প্রশাসন শাখা  
www.bmet.gov.bd



### মার্চ ২০২৩ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভার সভাপতি : জনাব মোঃ শহীদুল আলম এনডিসি (অতিরিক্ত সচিব)  
মহাপরিচালক জনশক্তি কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো  
তারিখ : ১৩/০৩/২০২৩ খ্রিঃ, সকাল ১১.০০ টা  
সভার স্থান : বিএমইটি'র সম্মেলন কক্ষ

#### উপস্থিতির তালিকা : পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভা শুরু করেন। প্রারম্ভিক বক্তব্যে তিনি সকলকে সততা, দক্ষতা ও নিষ্ঠার সাথে নিজ নিজ দায়িত্ব পালনের আহ্বানসহ বিএমইটি'র সকল কর্মকর্তাকে দাপ্তরিক কার্যক্রম যথাযথভাবে পালনের আহ্বান জানান।

০২। বিগত ফেব্রুয়ারি/২০২৩ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হলে নিম্নরূপ সংশোধনীটি সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

অনুচ্ছেদ	শাখা	সিদ্ধান্ত	সংশোধিত সিদ্ধান্ত
৩.১	কর্মসংস্থান শাখার কার্যক্রমঃ	পে-অর্ডার সংক্রান্ত : লাইসেন্স সংক্রান্ত বিষয়ে রিক্রুটিং এজেন্সিসমূহ যেসকল টাকা পে-অর্ডারে জমা দেন সেগুলো Invest করে লাভের টাকা ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডকে দেওয়ার বিষয়ে সিদ্ধান্ত হয়।	পে-অর্ডার সংক্রান্ত : লাইসেন্স সংক্রান্ত বিষয়ে রিক্রুটিং এজেন্সিসমূহ জামানত বাবদ যেসকল টাকা পে-অর্ডারে জমা দেন তার লাভের টাকা ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ডকে দেওয়ার বিষয়ে সিদ্ধান্ত হয়।

০৩। অতঃপর নির্ধারিত আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা অনুষ্ঠিত হয়। বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম নং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ	
০১।	প্রশাসন ও অর্থ শাখার কার্যক্রম:	১.১	APA/NIS লক্ষ্যমাত্রা অর্জন সংক্রান্ত: বিএমইটি'র ২০২২-২৩ অর্থবছরের APA/NIS এর লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনে যে শাখার যে অংশ তা অর্জন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রকল্প পরিচালক (সকল), পরিচালক (সকল), ফোকাল পয়েন্ট কর্মকর্তা (APA/NIS)
		১.২	নিয়োগবিধি সংক্রান্ত: বিএমইটি'র নিয়োগবিধি চূড়ান্তকরণের জন্য পরিচালক (প্রশাসন ও অর্থ), উপপরিচালক (প্রশাসন ও অর্থ) এবং উপপরিচালক (কর্মসংস্থান) কার্যকর পদক্ষেপ নিবেন।	পরিচালক (প্রশাসন ও অর্থ)
		১.৩	২২ ডিইএমও: ২২টি জেলায় ২২টি ডিইএমও পদসৃজন/অফিস অনুমোদন হলে পরিচালনা করা হবে, না হলে পার্শ্ববর্তী জেলার ডিইএমও এর সহকারী পরিচালককে অতিরিক্ত দায়িত্ব দিয়ে ডিইএমও এর অফিস পরিচালনার সিদ্ধান্ত হয়। পরবর্তীতে বিষয়ভিত্তিক শিক্ষকদের সহকারী পরিচালকের অধিনে দায়িত্ব দেওয়ার সিদ্ধান্ত হয়।	
		১.৪	শূন্য পদ: মোট শূন্যপদ যোগে PSC এর মাধ্যমে নিয়োগযোগ্য তার তালিকা মহাপরিচালক মহোদয়ের নিকট উপস্থাপন করার সিদ্ধান্ত হয়।	
		১.৫	বদলী সংক্রান্ত: বিএমইটি এবং এর অধিনস্থ দপ্তরসমূহে বদলীর নীতিমালা করতে হবে।	
		বাজেট সংক্রান্ত:	১.৬	বাজেট সংক্রান্ত তথ্য আগামী সমন্বয় সভায় উপস্থাপনের সিদ্ধান্ত হয়।
	আইটি শাখা:	১.৭	বিএমইটি'র সার্ভার সংক্রান্ত : আইটি শাখায় প্রতিমাসে সভা করে রিপোর্ট প্রদান করবেন।	আইটি শাখা
	সাধারণ সেবা :	১.৮	পুরানো গাড়ী সরানো সংক্রান্ত: বিএমইটি'র গাড়ীগুলো রাখার জন্য বাহিরে গ্যারেজ ভাড়া পাওয়া যায়নি। এর অনুকূলে বিএমইটি'র অভ্যন্তরে গাড়ীগুলো প্রবেশ এবং বাহিরে এর সুবিধা করা হয়েছে।	উপপরিচালক (সাধারণ সেবা)
০২।	বহির্গমন শাখার কার্যক্রমঃ	২.১	কার্ড বিতরণ সংক্রান্ত: কার্ড পরের দিন বিতরণ হবে। এ বিষয়ে বহির্গমন শাখায় বিস্তারিত আলোচনা করার সিদ্ধান্ত হয়।	পরিচালক (বহির্গমন)

*[Handwritten signatures and initials]*

ক্রম নং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ	
০৩।	কর্মসংস্থান শাখার কার্যক্রমঃ	৩.১	<b>ব্যাংক একাউন্ট সংক্রান্ত :</b> সকল ব্যাংক একাউন্ট এর স্টেটম্যান নিয়ে একটি সভা করার সিদ্ধান্ত হয়।	পরিচালক (কর্মসংস্থান)
		৩.২	রিক্রুটিং এজেন্সি সংক্রান্ত: যে সকল রিক্রুটিং এজেন্সির নামে অভিযোগ আছে, সেসকল রিক্রুটিং এজেন্সির তথ্য RAIMS এর সাথে মিল আছে কিনা তা দেখার সিদ্ধান্ত হয়।	
		৩.৩	<b>লাইসেন্স নবায়ন সংক্রান্ত:</b> যে সকল লাইসেন্স নবায়ন হয়নি তাদের বিষয়ে বিজ্ঞাপন দেওয়ার সিদ্ধান্ত হয়। যাদের টাকা বাকি আছে তাদের বিষয়ে একটি সভা করার সিদ্ধান্ত হয়।	
০৪।	প্রশিক্ষণ শাখার কার্যক্রমঃ	৪.১	<b>প্রশিক্ষণ বাজেট সংক্রান্ত:</b> প্রশিক্ষণ সংক্রান্ত বাজেট এর কোন টাকা কিভাবে ব্যয় হবে/সঠিকভাবে ব্যয় হচ্ছে কিনা এ বিষয়ে তদারকি করার সিদ্ধান্ত হয়।	১। অতিরিক্ত মহাপরিচালক (প্রশিক্ষণ) ২। পরিচালক (প্রশিক্ষণ পরিচালনা) ৩। পরিচালক (প্রশিক্ষণ মান ও পরিকল্পনা)
		৪.২	<b>PDO কোর্স সংক্রান্ত :</b> টিটিসি ভিত্তিক PDO এর হিসাব চাওয়ার সিদ্ধান্ত হয়।	
		৪.৩	<b>হোস্টেল চালুকরণ সংক্রান্ত:</b> সকল টিটিসি/আইএমটির হোস্টেলগুলো'র সীট ক্যাপাসিটি, কোন সনে প্রতিষ্ঠিত, ইউটিলিটি ব্যবস্থা, হোস্টেলে ভর্তির নিয়ম, খাবার পদ্ধতিসহ সকল বিষয়ের তথ্য আগামী সমন্বয় সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত হয়।	
		৪.৪	<b>ভাষা শিক্ষক:</b> ভাষা শিক্ষক অতিথি শিক্ষক হিসেবে নিয়োগ প্রাপ্ত হবেন।	
		৪.৫	<b>টিটিসি'র সার্বিক অবস্থা সংক্রান্ত:</b> সকল টিটিসি'র বর্তমানে অফিস কক্ষ, ক্যাম্পাস, ওয়ার্কসপ এর বর্তমান কি অবস্থায় ছিল এবং পরে কি হয়েছে তার ছবি পাঠাতে হবে।	
		৪.৬	<b>নব উদ্বোধিত ২৬ টিটিসি:</b> ২৬ টিটিসি চেক লিস্ট করে ভিজিট করার সিদ্ধান্ত হয়।	
০৫।	'৪০টি উপজেলায় ৪০টি টিটিসি ও চট্টগ্রামে ০১টি ইনস্টিটিউট অব মেরিন টেকনোলজি স্থাপন' শীর্ষক প্রকল্পের অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত হয়।	৫.১	প্রকল্প পরিচালক	
০৬।	ঢাকা টেকনিক্যাল টিচার্স ট্রেনিং ইন্সটিটিউট (ডিটিটিআই) এর কার্যক্রম:	৬.১	মাটি ভরার কাজ সম্পন্নকরণ; মাঠ ব্যবহারের উপযোগীকরণ; অকেজো ২টি গাড়া অপসারণের ব্যবস্থা গ্রহণ; একাডেমিকভিবনের পেছনে পিটি'র ব্যবস্থা করণ; অধ্যক্ষ নিয়োগ হলে আবাসিক ভবনে অবস্থান নিশ্চিত করতে হবে; দেশীয় দুর্বা ও চওড়া পাতার ঘাস দিয়ে মাঠ সুসজ্জিতকরণ; সীমানা প্রাচীর সংস্কারকরণ এর বিষয়ে সিদ্ধান্ত হয়।	প্রকল্প পরিচালক
০৭।	'দেশ বিদেশে কর্মসংস্থানের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান শীর্ষক প্রকল্প':	৭.১	<b>মূল্যায়ন সংক্রান্ত:</b> প্রজেক্টের ডিজাইন এর সাথে কোর্সের মূল্যায়ন করার সিদ্ধান্ত হয়। SEIP এর Duplicating হচ্ছে কিনা তা দেখতে হবে।	প্রকল্প পরিচালক অধ্যক্ষ, টিটিসি (সকল)
		৭.২	<b>প্রদানকৃত ১০০টি গাড়ী সংক্রান্ত:</b> বিভিন্ন টিটিসিতে প্রদানকৃত ১০০টি গাড়ী ড্রাইভিং প্রশিক্ষণ কোর্স চালানোর জন্য 'দেশ বিদেশে কর্মসংস্থানের জন্য ড্রাইভিং প্রশিক্ষণ প্রদান শীর্ষক প্রকল্প' ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত হয়।	
		৭.৩	<b>প্রশিক্ষণ গাড়ী সার্ভিসিং সংক্রান্ত:</b> ড্রাইভিং প্রশিক্ষণের গাড়ীগুলোর সার্ভিসিং এর কাজ টিটিসি'র অটো ট্রেড করবে। নতুন টিটিসিতে ড্রাইভিং প্রশিক্ষণ কোর্স চালু করতে হবে।	
		৭.৪	<b>পত্র প্রেরণ সংক্রান্ত:</b> ড্রাইভিং ট্রাক ও গাড়ীগুলোর সুব্যবস্থার জন্য অর্থ বরাদ্দ চেয়ে কল্যাণ বোর্ড বরাবর পত্র প্রেরণ করতে হবে।	
০৮।	প্রকল্পসমূহের কার্যক্রমঃ	৮.১	<b>'উপজেলা পর্যায়ে ১০০টি কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন' শীর্ষক প্রকল্পঃ</b> ৫০ টি টিটিসি'র ডিপিপি সর্বশেষ অবস্থান সম্পর্কে সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত হয়।	উপপরিচালক (প্রশিক্ষণ) জনাব মোঃ জাহাঙ্গীর হোসেন
		৮.২	<b>'SEIP ও KOICA' এর অর্থায়নে ৩টি টিটিসি'র আধুনিকায়ন শীর্ষক কার্যক্রম:</b> প্রকল্পটির অধীনে কোন টিটিসিতে কি পর্যায়ের অগ্রগতি হয়েছে তার তথ্য পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপনের সিদ্ধান্ত হয়।	
		৮.৩	<b>'৬৪টি জেলায় ৬৪টি জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস স্থাপন' শীর্ষক প্রকল্পঃ</b> প্রকল্পটির অগ্রগতি পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপনের সিদ্ধান্ত হয়।	
০৯।	কেরানীগঞ্জ টিটিসি'র কার্যক্রম:	৯.১	<b>ড্রাইভিং ট্রাক নির্মাণ ( ডাবল লেন):</b> প্রয়োজনীয় বরাদ্দ দেওয়ার সিদ্ধান্ত হয়। হেয়ারিং বন্ড ( ১০ ফুট পর পর) হবে।	অধ্যক্ষ কেরানীগঞ্জ টিটিসি

*[Handwritten signature]*

ক্রম নং	আলোচ্যসূচি	সিদ্ধান্ত		বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১০।	সভা সংক্রান্ত:	১০.১	সকল প্রজেক্টগুলো নিয়ে একটি সভা করার সিদ্ধান্ত হয়।	১। পরিচালক (সকল) ২। প্রকল্প পরিচালক (সকল)।
১১।	ডি-নথি সংক্রান্ত:	১১.১	ই-নথি থেকে ডি-নথিতে মাইগেশনের কার্যক্রম সম্পন্ন হয়েছে। ডি-নথিতে নথি ব্যবস্থাপনা কার্যক্রম জোরদার করতে হবে।	১। পরিচালক (সকল) ২। প্রকল্প পরিচালক (সকল)।

০৩। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের অনুরোধ ও উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ শহীদুল আলম এনডিসি)  
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)  
ফোন: ৪৯৩৪৯৯২৫ (অফিস)  
Email-dg@bmet.gov.bd.

তারিখ: ১০.০৬.২০২৩

স্মারক নম্বর: ৪৯.০১.০০০০.০০২.০৬.০০২.২২. ৭১৬৬

**অনুলিপিঃ (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):**

১. অতিরিক্ত মহাপরিচালক (প্রশিক্ষণ/কর্মসংস্থান), বিএমইটি, ঢাকা।
২. প্রকল্প পরিচালক (সকল) বিএমইটি, ঢাকা।
৩. সিনিয়র সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. পরিচালক (প্রশাসন ও অর্থ/কর্মসংস্থান/বহির্গমন/প্রশিক্ষণ পরিচালনা/প্রশিক্ষণ মান ও পরিকল্পনা) বিএমইটি, ঢাকা।
৫. অধ্যক্ষ, আইএমটি/ বিআইএমটি/ টিটিসি (সকল)।
৬. উর্ধ্বতন পরিসংখ্যান কর্মকর্তা (সকল), বিএমইটি, ঢাকা।
৭. উপপরিচালক (সকল), বিএমইটি, ঢাকা।
৮. সিস্টেম এনালিস্ট, বিএমইটি, ঢাকা।
৯. সহকারী পরিচালক (সকল), বিএমইটি, ঢাকা।
১০. পরিসংখ্যান কর্মকর্তা (সকল), বিএমইটি, ঢাকা।
১১. সহকারী পরিচালক, বিভাগীয়/জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস/শিক্ষানবিসি প্রশিক্ষণ দপ্তর, ঢাকা।
১২. সহকারী পরিচালক, প্রবাসী কল্যাণ ডেস্ক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
১৩. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, বিএমইটি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
১৪. মাস্টার নথি/২০২৩।